



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
www.dss.nandail.mymensingh.gov.bd

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.১৮.০০২.২১.১৯

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে অতিরিক্ত বয়স্ক এবং বিধবা উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: ০১। স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০৫.০১৫.২১.৯৯; তারিখ:৫ ফেব্রুয়ারী ২০২৪, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

০২। স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০৫.০১৫.২১.১০০; তারিখ:৫ ফেব্রুয়ারী ২০২৪, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নম্বর:৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০; তারিখ: ১০ আগস্ট ২০২৩, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা যোগে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে ১০ আগস্ট ২০২৩ হতে ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে বয়স্ক ও বিধবা ভাতার আবেদন আহবান করা হয়। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে ০১। স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০৫.০১৫.২১.৯৯; তারিখ:৫ ফেব্রুয়ারী ২০২৪, এবং ০২। স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৪৯.০৫.০১৫.২১.১০০; তারিখ:৫ ফেব্রুয়ারী ২০২৪, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা পত্রদ্বয়ের মাধ্যমে অত্র উপজেলায় অতিরিক্ত ১৬৮ জন বয়স্ক ও ১৪৭ জন বিধবা ভাতার বরাদ্দ পাওয়া যায়। বর্ণিত বরাদ্দের প্রেক্ষিতে আপনার পৌরসভায়/ইউনিয়নে অনলাইনে আবেদনকারীর তালিকা হতে অধিদপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী উপকারভোগীর চূড়ান্ত সুপারিশের তালিকা প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ(আবেদন ফরম, নগদ হিসাব খোলা একটি মোবাইল নম্বর, ভোটার আইডি'র অনুলিপি) আগামী ২২ ফেব্রুয়ারী ২০২৪ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামী ২৭ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে সকল উপকারভোগীর ২০২৩-২০২৪ অর্থবছরের তৃতীয় কিস্তির অর্থ ছাড়করণ করা হবে।

উপকারভোগীর প্রাথমিক সুপারিশের তালিকা প্রণয়নের ক্ষেত্রে সূত্রস্থ স্মারকদ্বয়ের পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে:

০১। MIS এর মাধ্যমে প্রাপ্ত অনলাইন আবেদন বিবেচনায় নিতে হবে।

০২। সর্বনিম্ন Poverty Score প্রাপ্ত আবেদনকারীকে অগ্রাধিকার দিয়ে ক্রমানুসারে বরাদ্দ অনুযায়ী তালিকা চূড়ান্ত করতে হবে। একইসাথে অগ্রাধিকার ক্রমানুসারে অপেক্ষমাণ তালিকা অনুমোদন করতে হবে।

০৩। Poverty Score-৭৯৬ বা তার বেশি নম্বর প্রাপ্ত আবেদনকারীদের চূড়ান্ত/অপেক্ষমাণ তালিকা প্রণয়নের ক্ষেত্রে বিবেচনা করা যাবে না।

০৪। অনুমোদিত অপেক্ষমাণ তালিকা হতে প্রতিস্থাপন সম্পন্ন করতে হবে।

০৫। নির্বাচিত উপকারভোগীগণ জুলাই ২০২৩ হতে ভাতা প্রাপ্য হবেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, উপকারভোগী প্রদত্ত মোবাইল নম্বরটি অত্যন্ত সতর্কতার সহিত দেওয়ার জন্য অনুরোধ করা হলো। কারণ প্রদত্ত মোবাইল নম্বরটি নগদ সেটেলম্যান্ট হিসাব হিসাবে ব্যবহৃত হবে এবং তা অপরিবর্তনীয়।

সংযুক্তি:

০১। অনলাইনে আবেদনকারীর তালিকা।

০২। অধিদপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ কপি।

১৫-০২-২০২৪

ইনসান আলী

উপজেলা সমাজসেবা অফিসার

মেয়র, নান্দাইল পৌরসভা/চেয়ারম্যান(সকল) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।।

স্মারক নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.১৮.০০২.২১.১৯/১ (৮)

২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৩। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৪। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ;
- ৬। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৭। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এবং
- ৮। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।



১৫-০২-২০২৪

ইনসান আলী

উপজেলা সমাজসেবা অফিসার